আলমডাঙ্গায় টেকনিশিয়ান হয়ে চক্ষু চিকিৎসার দায়ে জরিমানা

আলমডাঙ্গায় এমবিবিএস চিকিৎসকের ভুয়া সিল ব্যবহার করে ভুয়া পরিচয় ও চিকিৎসার নামে রোগীদের সঙ্গে প্রতারণার দায়ে একজনকে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

বৃহস্পতিবার বিকেলে আলমডাঙ্গা পৌর এলাকার গোবিন্দপুর-এরশাদপুর প্রাথমিক বিদ্যালয়ে চক্ষু চিকিৎসা ক্যাম্পে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে এই জরিমানা করা হয়। যাঁকে জরিমানা করা হয়েছে, তাঁর নাম মনজুরুল ইসলাম (২৫)। তিনি ওই ক্যাম্পের চিকিৎসক হিসেবে দায়িত্বরত ছিলেন। তাঁর বাড়ি মাগুরা জেলার আলাইপুর গ্রামের বাসিন্দা।

অভিযান পরিচালনা করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) স্নিগ্ধা দাস। এ সময় উপস্থিত ছিলেন হারদি স্বাস্থ্য কমপ্লেক্সের পরিচালক ডা: হাদি জিয়াউদ্দীন আহমেদ ও থানা পুলিশের সদস্যরা অভিযানে উপস্থিত ছিলেন।

ইউএনও স্নিগ্ধা দাস বলেন, ভুক্তভোগীদের অভিযোগের ভিত্তিতে চক্ষু ক্যাম্পে ভ্রাম্যমাণ আদালতের অভিযান পরিচালনা করা হয়েছে। ওই ক্যাম্পের টেকনিশিয়ান হয়ে তিনি নিজেকে এমবিবিএস চিকিৎসক পরিচয়ে চক্ষু চিকিৎসা করছিলেন। নিজের নাম-পরিচয় গোপন রেখে একজন চক্ষু বিশেষজ্ঞ চিকিৎসকের নামের সিলও ব্যবহার করেন। চক্ষু চিকিৎসার বিষয়ে তাঁর ডিগ্রি না থাকার পরও নিজেকে বিশেষজ্ঞ চক্ষু চিকিৎসক পরিচয়ে উপজেলার বিভিন্ন এলাকায় ক্যাম্প বসিয়ে রোগীদের সঙ্গে প্রতারণা করে আসছিলেন। অভিযানে অভিযোগে সত্যতা পাওয়ায় তাঁকে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

মিরসরাইয়ে পাহাড়ি ঝর্ণা থেকে পড়ে মেডিকেল শিক্ষার্থী আনাসের মৃত্যু

মিরসরাইয়ে পাহাড়ি ঝর্ণা থেকে পড়ে আল শাহরিয়ার আনাস নামের এক মেডিকেল কলেজ শিক্ষার্থীর মৃত্যু হয়েছে। আজ বৃহস্পতিবার দুপুরে খৈইয়াছড়া ঝর্ণা এলাকায় এ ঘটনা ঘটে।

নিহত খন্দকার আল শাহরিয়ার আনাস আলমডাঙ্গা পৌর এলাকার থানাপাড়ার বাসিন্দা খন্দকার আব্দুল্লাহ আল মামুনের ছেলে। তাঁর পিতা বণিক সমিতির সাধারণ সম্পাদক পদে দায়িত্বে রয়েছেন। নিহত শাহরিয়ার আনাস রাজশাহীর ক্যাপ্টেন এম মুনছুর আলী মেডিকেল কলেজের প্রথম বর্ষের শিক্ষার্থী ছিল।

পরিবার সূত্রে জানাযায়, বন্ধুর আমন্ত্রণে মিরসরাইয়ে গত ১৪ ফেব্রুয়ারি গতকাল বুধবার তারা মেডিকেল কলেজ থেকে ৮ বন্ধু ঘুরতে যায়। তাঁর বন্ধুর কাকা নিতেন কুমারের বাড়িতে ওঠেন। আজ বৃহস্পতিবার দুপুরে খৈইয়াছড়া পাহাড়ি ঝর্না দেখতে যান। পর্যায়ক্রমে সবাই পাহাড়ের উপরে উঠলেও পা পিছলে শাহরিয়ার আনাস নিচে পড়ে যায়। এতে সে গুরুত্বর আহত হয়ে পানিতে ভাসতে থাকে। এক পর্যায়ে দুপুরে মিরসরাই ফায়ার সার্ভিসের কর্মীরা তাকে গুরুতর আহত অবস্থায় উদ্ধার করে হাসপাতালে নিয়ে যান। সেখানকার কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

আলমডাঙ্গা বণিক সমিতির সভাপতি আরেফিন মিয়া মিলন দুঃখ ভরা কন্ঠে জানান, শাহরিয়ার আনাস মেডিকেল কলেজে ভর্তি হওয়ায় আমরা অনেক খুশি হয়েছিলাম। বন্ধুদের সাথে ঘুরতে গিয়ে এমন মৃত্যু খুবই দুঃখজনক।

তিনি আরো বলেন, আনাসকে নিয়ে তার মা-বাবার অনেক স্বপ্ন ছিল। বাবা আব্দুল্লাহ আল মামুনের ইচ্ছা ছিল ছেলেকে চিকিৎসক বানাবেন। সেই সন্তানের এমন করুণ মৃত্যু কোনোভাবেই মানতে পারছেন না মা-বাবা। ছেলে নেই এ কথা তারা ভাবতেই পারছেন না। দু’জনই এখন পাগলপ্রায়।

নিহতের পিতা আব্দুল্লাহ আল মামুন জানান, গতকাল বুধবার ৮ বন্ধু পাহাড় ভ্রমণে যায়। আজ বৃহস্পতিবার দুপুরে তাঁর বন্ধুদের ফোনে জানতে পারি, আনাস আর বেঁচে নেই। স্বপ্ন ছিল, ছেলে চিকিৎসক হবে।

স্বপ্ন রয়েই গেলো, ছেলে হারিয়ে গেলো।

এদিকে, ব্যবসায়ীক সংগঠন বণিক সমিতির সাধারণ সম্পাদক আব্দুল্লাহকে তাঁর ছেলের অকাল মৃত্যুতে শোক সমাপ্তি জানাতে হাজির হন আলমডাঙ্গা উপজেলা ও পৌর আওয়ামীলীগের নেতৃবৃন্দসহ বিভিন্ন ব্যবসায়ী মহল উপস্থিত হন।

দর্শনায় ডিবির অভিযানে ইয়াবাসহ রাঙ্গিয়ারপোতার সালাম আটক

চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখার (ডিবি) সদস্যদের হাতে ৪০ পিস ইয়াবা ট্যাবলেটসহ সালাম (৩৮) নামের এক ইয়াবা ব্যবসায়ী আটক হয়েছে।

আজ বৃহস্পতিবার (১৫ ফ্রেব্রয়ারি) সকালে সদর উপজেলার দর্শনা থানাধীন আকন্দবাড়ীয়া এলাকা হতে তাকে আটক করা হয়।

আটককৃত সালাম দর্শনা উপজেলার রাঙ্গিয়ারপোতা গ্রামের মাঝেরপাড়ার মৃত কবির হোসেনের ছেলে।

চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখার (ডিবি) অফিসার ইনচার্জ (ওসি) ফেরদৌস ওয়াহিদ বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি জানান, চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার আর এম ফয়জুর রহমানের দিকনির্দেশনায় জেলা পুলিশের সকল ইউনিটে একযোগে মাদকবিরোধী অভিযান পরিচালিত হচ্ছে। তারই ধারাবাহিকতায় চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখার এসআই মুহিদ হাসান ও এএসআই মাহমুদুল হাসান সঙ্গীয় অফিসার ফোর্সসহ আজ বৃহস্পতিবার সকাল ৭টার দিকে দর্শনা থানাধীন আকন্দবাড়ীয়া এলাকায় মাদকবিরোধী অভিযান পরিচালনা করেন। অভিযানকালে আকন্দবাড়ীয়া গ্রামস্থ হাসানের চায়ের দোকানের সামনে দর্শনা-জীবননগরগামী আঞ্চলিক মহাসড়কের উপর হতে সালাম নামের এক ব্যক্তিকে আটক করা হয়। আটককৃত ব্যক্তির হেফাজত হতে উদ্ধারপূর্বক জব্দ করা হয় ৪০ পিস ইয়াবা ট্যাবলেট।

এ ঘটনায় আটককৃত সালামের বিরুদ্ধে দর্শনা থানায় মাদকদ্রব্য

আজ দর্শনা থেকে ভারতের উদ্দেশ্যে ছেড়ে যাচ্ছে মেদিনীপুরের বিশেষ ট্রেন

আজ বৃহস্পতিবার রাত ১ টায় পৌছাবে রাজবাড়ী থেকে ছেড়ে আসা মেদিনীপুর বিশেষ ট্রেনটি।সকাল সাড়ে ৮ টায় দর্শনা ইমিগ্রেশনে কাগজপত্র চেকিং করে সকাল ৯ টায় ছেড়ে যাবে এ বিশেষ ট্রেনটি। ভারতের পশ্চিমবঙ্গ মেদিনীপুরের জোড়া মসজিদে বার্ষিক ওরশ শরীফ উপলক্ষে এবারও রাজবাড়ী থেকে দেশটিতে যাচ্ছে বিশেষ ট্রেন। ১২৩ তম এ ওরশ শরীফে বাংলাদেশ থেকে যাচ্ছেন দুই হাজার ২৫১ জন ভক্ত। এদের মধ্যে ১৩১৮ জন পুরুষ ৯৩৩ জন মহিলা ওরশ শরীফে যাবে বলে জানা গেছে।

ভারত থেকে আসা ২৪ বগির বিশেষ একটি ট্রেন যাত্রীদের নিয়ে বুধবার রাত ১০টায় মেদিনীপুরের উদ্দেশে ছেড়ে যাবে বলে জানান রাজবাড়ী রেলওয়ে স্টেশন মাস্টার তন্ময় কুমার দত্ত।রাজবাড়ী আঞ্জুমান-ই-কাদেরীয়ার সাধারণ সম্পাদক আব্দুল আজিজ কাদেরী বলেন, ১৭ ফেব্রুয়ারি রাতে মেদিনীপুর জোড়া মসজিদে হযরত আব্দুল কাদের জিলানী (রা.) এর বংশধর হযরত আল বাগদাদী আল মেদিনীপুরী (আ.) মশহুর নাম ‘মওলাপাক’ এর পবিত্র ওরশ অনুষ্ঠিত হবে।

শত বছরেরও বেশি সময় ধরে এই ওরশ উৎসবকে নিয়ে আন্তর্জাতিক বিশেষ এই ট্রেনটি দুটি দেশের সেতুবন্ধন এবং সব ধর্মের প্রতি শ্রদ্ধা জানিয়ে আসছে। বাংলাদেশ ও ভারত সরকার যৌথভাবে ১৯০২ সাল থেকে এই ওরশকে ঘিরে এ ট্রেনটি চলাচলের ব্যবস্থা করে আসছে।

তিনি বলেন, বড়পীর আব্দুল কাদের জিলানীর বংশধরদের নৈকট্য লাভ, তাদের এক নজর দেখতে ও পূণ্য লাভের আশায় প্রতিবছর এই দিনে মেদিনীপুরে যান ভক্তরা। ওই ওরশের সঙ্গে মিল রেখে একইদিন রাজবাড়ীর বড় মসজিদ খানকা শরীফে নানা আনুষ্ঠানিকতা হয়। পীরের ভক্তরা এতে যোগ দেন।

ওরশে যোগদানের জন্য ভারত সরকারের সুপারিশ ও বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহযোগিতায় ভারতীয় দূতাবাস বিশেষভাবে ভিসা দিয়ে থাকেন বলে জানান আজিজ কাদেরী।

স্টেশন মাস্টার তন্ময় কুমার দত্ত বিডিনিউজ বলেন, দুপুরে ভারত থেকে ২৪ বগির ট্রেনটি রাজবাড়ী এসে পৌঁছায়। যাত্রীরা যাতে নিরাপদে গন্তব্যে পৌঁছাতে পারে এজন্য রেল কর্তৃপক্ষ সব ধরনের ব্যবস্থা নিয়েছে।

ট্রেনের ভেতরে যেন কোনো বিঘ্ন না ঘটে সে জন্য গার্ড, ইলেকট্রিশিয়ান, অ্যাটেনটেন্ড নিয়োগ দেওয়া হয়েছে; ওরশ শেষে ১৯ ফেব্রুয়ারি একই ট্রেনে যাত্রীরা ফিরবেন বলে জানান তিনি।এ বিষয়ে দর্শনা আন্তর্জাতিক ইমিগ্রেশন ইনচার্জ আতিক হাসান জানান যাত্রীদের জন্য কড়া নিরাপত্তা ব্যাবস্থা করা হয়েছে। এবং বাড়তি ফোর্স মোতায়েন করা হয়েছে।এবং প্রত্যক যাত্রীর বৈধ পাসপোর্ট আছে কিনা সব চেকিং করে ছাড়া হবে। আজ বৃহস্পতিবার সকাল ৯ টায় এ বিশেষ ট্রেনটি ভারতের উদ্দেশ্যে ছাড়া হবে।

দর্শনায় পিন্সিপালের ভুলে মাদরাসার ছাত্রের দাখিল পরিক্ষা অনিশ্চিত

আজ বৃহস্পতিবার অনুষ্টিত হচ্ছে এসএসসি সমমানের পরিক্ষা। কিন্তু দর্শনা দারুসসুন্নাত সিদ্দিকিয়া ফাযিল (ডিগ্রি) মাদরাসার প্রিন্সিপালের ভুলের কারনে পরিক্ষা অনিশ্চিত হয়ে পড়েছে পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের ছয়ঘরিয়া গ্রামের দাখিল পরিক্ষার্থী মাহফুজুর রহমান বাপ্পির। দর্শনা দারুসসুন্নাত সিদ্দিকিয়া ফাযিল (ডিগ্রি) মাদরাসার দাখিল পরীক্ষার যাবতীয় ফি জমা দিলেও মাদরাসা প্রিন্সিপালের ভুলে ফরম ফিলাপ হয়নি ওই ছাত্রের।

ঘটনাটি ঘটেছে দর্শনা দারুসসুন্নাত সিদ্দিকিয়া ফাযিল (ডিগ্রি) মাদরাসায়। দাখিল পরিক্ষার্থী হলো দর্শনা থানার পারকৃষ্ণপুর মদনা

ইউনিয়নের ছয়ঘরিয়া গ্রামের আব্দুল মালেকের ছেলে। জানা যায় তিন মাস আগে পরিক্ষা ফিলাপের জন্য ৩ হাজার টাকা ও প্রয়োজনীয় কাগজপত্র মাদরাসা প্রিন্সিপাল শফিউদ্দীনের কাছে জমা দেয় মাহফুজুর রহমান বাপ্পি নামের ওই ছাত্র।

সে হিসাবে আজ বৃহস্পতিবার পরিক্ষার সবপ্রস্ততি নেয় সে। গতকাল বুধবার মাদরাসায় রেজিষ্ট্রেশন কার্ড নিতে গিয়ে জানতে পারে তার ফরম ফিলাপই হয়নি। মাহফুজুর রহমান বাপ্পি গণমাধ্যম কর্মীদের কাছে কান্না জড়িত কন্ঠে বলে এজন্য আমাকে ১ বছর অপেক্ষা করতে হবে।

এ বিষয়ে মাদরাসার প্রিন্সিপাল শফিউদ্দিনের সাথে মুঠোফোন কথা বললে তিনি বলেন, পরিক্ষার্থী আরেকজনের মাধ্যমে টাকা জমা দিয়েছে। তুমি ফরম ফিলাম করছো তার রশিদটা নিয়ে এসো।সে ছাত্র রশিদ দেখাতে পারিনি। তিনি আরও বলেন সরকারী সিদ্ধান্ত হয়েছে তিনটায় ফেল করলে পরিক্ষা দেওয়া যাবে না। তিনি আরও বলেন ওই পরিক্ষার্থী ৫ টায় ফেল করেছে। কিন্তু দুইজন ফেল করলেও তাদেরকে পরিক্ষায় অংশ নিয়েছে সেজন্য ওকে ফরম ফিলাম করতে বলা হয়েছে। এখন কি কারনে টাকাটা জমা হয়নি বুঝতে পারছিনা।

এ ঘটনায় মাদরাসা জুড়ে আলোচনা সমালোচনার ঝড় বইছে। এবং মাদরাসার পিন্সিপালের শাস্তির দাবি করেছে অভিভাবক মহল।

জীবননগরে উপজেলা নিবাচন উপলক্ষে পথসভায় এস কে লিটন

জীবননগরে উপজেলা পরিষদ নিবাচন উপলক্ষে পথসভা করেছেন এস কে লিটন। আজ বুধবার বিকাল ৩টার সময় জীবননগর উপজেলার রায়পুর বাজারসহ ইউনিয়নের বিভিন্ন গ্রামের সাধারন মানুষের সাথে নিবাচনী মতবিনিময় ও পথসভা করেছেন মাই টিভির সিনিয়র রিপোটার এস কে লিটন।

এ সময় তিনি বতমান সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কমকান্ড সাধারন মানুষের মাঝে তুলে ধরেন।

পথসভায় সফর সঙ্গী হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর পৌর সভার কাউন্সিলার জামাল হোসেন খোকন, আওয়ামীলীগ নেতা হাবিবুর রহমান মাস্টার, হাসেম মাস্টার, সাংবাদিক চাষী রমজান, যুবলীগ নেতা নিজাম উদ্দিন, কলম হোসেন, এস কে বকুল, দীন ইসলাম প্রমুখ।

জীবননগরে ৩২টি প্রতিষ্ঠানে আথিক অনুদান বিতরণ

জীবননগর উপজেলায় ২০২৩-২০২৪ অথ বছরের (টিআর) এর মসজিদ, কবরস্থান, মন্দির, উন্নয়নের জন্য উপজেলার ৩২টি প্রতিষ্ঠানে ২৬লক্ষ ৮৩হাজার টাকার আথিক অনুদানের চেক বিতরণ করা হয়েছে।

আজ বুধবার সকাল ১১টার সময় জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদের হলরুমে একটি আলোচনা সভা শেষে এ চেক বিতরণ করা হয়।

জীবননগর উপজেলার ভারপ্রাপ্ত নিবাহী কমকতা তিথি মিত্রর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে অনুদানের চেক বিতরণ করেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর।

এ সময় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান, জীবননগর পৌর সভার মেয়র মোঃ রফিকুল ইসলাম, উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান গোলাম মোতুজা, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন, হাসাদহ ইউপি চেয়ারম্যান রবিউল ইসলাম বিশ্বাস, উথলী ইউপি চেয়ারম্যান আঃ হান্নান প্রমুখ।

উক্ত অনুষ্ঠানটি সাবিক পরিচালনা করেন উপজেলার পিআইও মোঃ মিজানুর রহমান।

জীবননগরে শহীদ দিবস ও

আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের

প্রস্তুতিমূলক সভা

জীবননগরে ২১ শে ফেব্রুয়ারি শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে প্রস্তুতিমূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদের হলরুমে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলার ভারপ্রাপ্ত নিবাহী কমকর্তা তিথি মিত্রের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি নজরুল ইসলাম, সাধারণ সম্পাদক আব্দুল লতিফ অমল, ভাইস চেয়ারম্যান আঃসালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, রায়পুর ইউপি চেয়ারম্যান তাহাজ্জদ মিজা, মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন, উথলী ইউপি চেয়ারম্যান আঃ হান্নান, বাকা ইউপি চেয়ারম্যান আঃ কাদের প্রধান, আন্দুলবাড়িয়া ইউপি চেয়ারম্যান মিজা লিটন,সাংবাদিক মিঠুন মাহমুদ প্রমুখ।

দামুড়হুদায় শিবনগর স.প্রা

বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির

সভাপতি হলেন নাঈম হোসেন

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের শিব নগর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচিত হলেন হরিরামপুর গ্রামের কৃতি সন্তান জনপ্রিয় ব্যাক্তিত্ব নাঈম হোসেন লিফন।তিনি হরিরামপুর গ্রামের মৃত বিসারত আলীর ছেলে।

স্কুল ম্যানেজিং কমিটির নবাগত সভাপতি নাঈম হোসেন লিফন কার্পাসডাঙ্গা ও কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদের সাবেক সচিব হিসাবে কর্মরত ছিলেন। বর্তমানে তিনি হাউলী ইউনিয়ন পরিষদের সচিব হিসাবে কর্মরত রয়েছেন।

নাঈম হোসেন বলেন, শিক্ষাঙ্গনের এই পবিত্র দায়িত্ব যেন আমি ভালোভাবে পালন করতে পারি সেজন্য স্কুলের শিক্ষক শিক্ষিকা গ্রামবাসী ও অভিভাবকদের সকলের সহযোগিতা কামনা করছি। কোমলমতি শিক্ষার্থীরা যেন স্কুলগামী হয় সে ব্যাপারে সহায়ক ভূমিকা রাখবো। কোন গরিব অসহায় শিক্ষার্থী থাকলে তার লেখাপড়ার ব্যবস্থা করব, ছেলেমেয়েদের খাতা পেনসিল কেনার জন্য যদি কিছু লাগে সেটাও আমি বহন করব ইনশাআল্লাহ। শিক্ষা অফিসের মাধ্যমে মাঝে মাঝে বিশেষ কোন ক্লাসের ব্যবস্থা করা যায় কিনা সেটা দেখব, যদি যায় তাহলে বিনা পারিশ্রমিকে মাঝে মাঝে মতি ছাত্র-ছাত্রীদের উদ্বুদ্ধকরণ ক্লাস করাব। নিজ উদ্যোগে এবং সকলের সহযোগিতায় খেলাধুলা কুইজ, সুন্দর হাতের লেখা এবং বিভিন্ন প্রতিযোগিতার মাধ্যমে কোমলমতি শিক্ষার্থীদের স্কুলমুখী করে তোলার ব্যবস্থা করব। আমি চেষ্টা করবো এই স্কুলটিকে আর দশটায় স্কুলের মধ্যে সেরা স্কুলে পরিণত করার। যার কারনে আমি স্কুলের সকল শিক্ষক, গ্রামবাসী, ও সকল অভিভাবকদের সহযোগিতা কামনা করছি।

দামুড়হুদায় কীটনাশক ব্যবসায়ীকে

২৫ হাজার টাকা জরিমানা

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের কানাইডাঙ্গা গ্রামে মোবাইল কোর্টে কীটনাশক ব্যবসায়ীর ২৫ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

আজ বুধবার বেলা ১২ টার দিকে কানাইডাঙ্গা বাজারে মোবাইল কোর্ট পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সজল কুমার দাস।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সুত্রে জানাগেছে, দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের কানাইডাঙ্গায় মোবাইল কোর্টে কীটনাশক ব্যবসায়ী কামরুল হাসানকে নকল থিয়োভিট সার বিক্রির অপরাধে কৃষি বিপণন আইন ২০১৮ এর ১৯ ধারা মোতাবেক ২৫ হাজার টাকা জরিমানা ও অনাদায়ে ১ মাসের জেল প্রদান করা হয়। মোবাইল কোর্ট পরিচালনা করেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সজল কুমার দাস।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ শারমিন আক্তার। এস এ পিপিও খবিরুল ইসলাম, উপসহকারী কৃষি কর্মকর্তা মামুন অর রশীদ ও মো:জান্নাতুল ফেরদৌস। অভিযান পরিচালনায় সাহায্য করেন কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়ির একটি চৌকস টিম।